



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৯

তারিখ: ০৮ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২৩খ্রি.


বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের আগামী ২৮-১১-২০২৩খ্রি. হতে ২৯-১১-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ওরিয়েন্টেশন ক্লাশ ও অন্যান্য আনুষঙ্গিক জরুরী কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

কার্যক্রম:

- ০১। ২৯-১১-২০২৩খ্রি. তারিখের মধ্যে সকল শিক্ষার্থীর নম্বরপত্র জমা ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। ২৯-১১-২০২৩খ্রি. তারিখের মধ্যে নম্বরপত্র জমা দিতে ব্যর্থ শিক্ষার্থীদের ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং ৩০-১১-২০২৩খ্রি. তারিখের মধ্যে Absent List বোর্ডে প্রেরণ করতে হবে;
- ০২। শিক্ষার্থীদেরকে ১ম পর্বের কোর্স স্ট্রাকচার, সিলেবাস এবং বই-এর তালিকা প্রদান;
- ০৩। প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ইউনিফর্ম-এর নমুনা প্রদান;
- ০৪। ১ম পর্বের শিক্ষার্থীদের নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ফেইসবুক/ম্যাসেঞ্জার/ওয়াটসআপ গ্রুপ খোলা যাতে বর্ষপঞ্জি মোতাবেক ১ম পর্বের ক্লাস শুরুর পূর্ব পর্যন্ত ক্লাশ নোট, লানিং ম্যাটেরিয়াল, নির্দেশনা ইত্যাদি আদান প্রদান করা যায়;
- ০৫। ক্লাশ রুটিন, শিক্ষক/কর্মচারী পরিচিতি, বিষয় কোড, পরীক্ষা পদ্ধতি, গ্রেডিং সিস্টেম পাশ/রেফার্ড/ফেইল সংক্রান্ত তথ্যাদি প্রদানসহ বিভাগ ওয়ারি ওরিয়েন্টেশন প্রোগ্রাম করা;
- ০৬। ব্যবহারিক জব শীটের নমুনা, জব একটিভিটি শীটের নমুনা প্রদান;
- ০৭। কোন বিভাগে একাধিক সেকশন থাকলে সেকশন বিভাজন করে শিক্ষার্থীদের অবহিতকরণ।

উল্লেখ্য ভর্তিকৃত শিক্ষার্থীদের www.btebadmission.gov.bd ওয়েবসাইট-এ প্রবেশ করে VIEW RESULT হতে কোন প্রতিষ্ঠানে ভর্তি/মাইগ্রেশন হয়েছে তা ২৯-১১-২০২৩খ্রি. তারিখের মধ্যে নিশ্চিত হতে হবে। VIEW RESULT-এ যারা প্রদর্শিত হবে, শুধুমাত্র তারা ভর্তি সম্পূর্ণ করেছেন। এ বিষয়ে কোন অভিযোগ থাকলে আগামী ৩০-১১-২০২৩খ্রি. তারিখের মধ্যে বোর্ডকে অবহিত করতে হবে। এরপর কোন আবেদন গ্রহণ করা হবে না।



প্রকৌশলী মো: রকিব উল্লাহ

পরিচালক (কারিকুলাম)


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৯৯(০৮)

তারিখ: ২৩/১১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।



রূপক কান্তি বিশ্বাস

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।